তারিখ... 31 DEC. 1990 ...
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৮

42

দৈনিক বাংলা

# চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনের দাবী

চট্টগ্রাম, ৩০শে ডিসেম্বর (বাসস)।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একশ' ২০ জন শিক্ষক আগামী ১৫ দিনের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (সিইউটিএ) নির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠানের জন্য আজ দাবী জানিয়েছেন। তারা সিইউটিএ'র বর্তমান তৎপরতাকে অবৈধ হিসাবে অভিহিত

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

**চট্টগ্রাম ভার্সিটি** (প্রথম পৃঃ পর)

করেন।

উল্লেখ্য, সিইউটিএ'র মোট সদস্য সংখ্যা তিনশ' ৩৫।

এই শিক্ষকবৃন্দ আজ সিইউটিএ'র নির্বাহী কমিটির সদস্য ডঃ ফশিউল আলমের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় কলা অনুষদ গ্যালারীতে এক সভায় মিলিত হন। শিক্ষকগণ কমিটির তলবী সভার জন্য ইতিপূর্বের একটি আহবান সম্পর্কে নির্বাহী কমিটির নীরবতায় ক্ষোভ প্রকাশ করেন।

বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় যে আগামী ১৫ দিনের মধ্যে নির্বাহী কমিটির নির্বাচন না হলে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক সাধারণ সভায় সিইউটিএ'র নতুন কমিটি গঠন করা হবে।

বৈঠকে পরিসংখ্যান বিভাগের ছাত্র ফারুকুজ্জামান ফারুকের মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং ক্যাম্পাসে ২২শে ডিসেম্বরের ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়।

ভাইস চ্যান্সেলরের পদত্যাগের দাবীকে বৈঠকে অনিয়মতান্ত্রিক, চক্রান্তমূলক ও উদ্দেশ্য প্রণোদিত বলে অভিহিত করা হয়।

এ বৈঠকে বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কে কোন কায়েমী গোষ্ঠীর উদ্দেশ্যপ্রণোদিত বিবৃতিতে বিভ্রান্ত না হওয়ার জন্য জনগণের প্রতি আহবান জানানোহয়।

বৈঠকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিবের সঙ্গে সহযোগিতা না করার জন্য ফেডারেশন নেতৃবৃন্দের প্রতি আহবান জানানো হয়। ফেডারেশনের মহাসচিব সিইউটিএ'র সাধারণ সম্পাদক।

**৬০ জন বুদ্ধিজীবীর আহবান**

এদিকে আজ চট্টগ্রামে কবি, সাংবাদিক ও সাহিত্যিকসহ ৬০ জন বুদ্ধিজীবী চট্টগ্রাম ভার্সিটিতে গত ২২শে ডিসেম্বরের ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের আহবান জানিয়েছেন।

এক যুক্ত বিবৃতিতে তারা দেশে গণতান্ত্রিক ব্যবস্থা নিশ্চিত করতে নির্বাচনের আগে অবৈধ অস্ত্র উদ্ধার এবং সাম্প্রদায়িক ও স্বৈরাচারী শক্তি প্রতিরোধ করার আহবান জানান।